

## 212827 - চামড়া ছুলে যাওয়া রোধ করার জন্য ইহরাম অবস্থায় দুই রানের মাঝখানে ক্রীম ব্যবহার করার হুকুম কি?

### প্রশ্ন

উমরার ইহরাম করার পর দুই রানের মাঝখানের জায়গায় ছুলে যাওয়া ও প্রদাহ রোধ করার জন্য ক্রীম ব্যবহার করার হুকুম কি? উল্লেখ্য, অন্য সব ক্রীমের মত এই ক্রীমের ঘ্রাণ রয়েছে। কিন্তু সেটি পারফিউমের ঘ্রাণ নয়।

### প্রিয় উত্তর

ইতিপূর্বে 20019 নং প্রশ্নোত্তরে উল্লেখ করা হয়েছে যে, ইহরাম অবস্থায় নিষিদ্ধ হল: সুগন্ধি ব্যবহার করা কিংবা এমন কোন তেল ব্যবহার করা যাতে সুগন্ধি রয়েছে। সুতরাং উল্লেখিত ক্রীম যদি সুগন্ধি না হয়ে থাকে তাহলে এটি ব্যবহার করতে কোন আপত্তি নেই।

স্থায়ী কমিটির ফতোয়াসমগ্র, দ্বিতীয় ভলিউম-২ তে (১০/১৫৭) এসেছে:

“হজ্জ-উমরার তাওয়াফ ও সাঈকালে দুই রানের মাঝখানে ছুলে যাওয়া ও লাল হয়ে যাওয়া রোধ করার জন্য কিছু ক্রীম ব্যবহার করা হয়। সুগন্ধি যেহেতু ইহরাম অবস্থায় নিষিদ্ধ তাই Daktacort নামের এই ক্রীম ব্যবহার করা কি জায়েয; নাকি জায়েয নয়? (ক্রীমের নমুনা সংযুক্ত)।

তাঁরা জবাব দেন:

নমুনা সংযুক্ত Daktacort নামের এই ক্রীম এবং এর সাথে সাদৃশ্যপূর্ণ অন্য ক্রীম কোন ব্যক্তি হজ্জ বা উমরার ইহরামকালীন অবস্থায় ব্যবহার করতে কোন বাধা নেই। এতে কোন নিষেধাজ্ঞা নেই। কেননা এটি এক ধরণের চিকিৎসা। এটি সুগন্ধি শ্রেণীর কিছু নয়। তাই এটি সুগন্ধির বিধান গ্রহণ করবে না। আল্লাহই তাওফিকের মালিক।”[সমাণ্ত]

উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে ইহরামকারীর জন্য চামড়া ছুলে যাওয়া রোধ করার জন্য ক্রীম ব্যবহার করা জায়েয হবে। কেননা এই ক্রীম ব্যবহার করার উদ্দেশ্য হচ্ছে চিকিৎসা।

আল্লাহই সর্বজ্ঞ।